# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ ১৬৪৮ (৪২৫০)

তারিখ ঃ ১৭/০১/২০২২

মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ এসএমই'র আওতায় ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনপূর্বক হালনাগাদ তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ মোতাবেক অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট চালু রয়েছে। প্রধান কার্যালয়ের ইউনিটের ন্যায় বিভাগীয় কার্যালয়/ মুখ্য আঞ্চলিক কার্যালয়ে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট (Women Entrepreneur Development Unit) এবং শাখা পর্যায়ে Women Entrepreneur Dedicated Desk/ SME Help Desk রয়েছে। কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি/ বদলী/ অবসরজনিত কারণে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। তদপ্রেক্ষিতে প্রধান কার্যালয়ের এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম ও পদবী | পদ মর্যাদা | ফোন | ই-মেইল |
|---|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ মঈনুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক | প্রধান | ০১৭১৮৭৩১৪৯৮<br>০২২২৩৩৮৮৯৪৯ | dgmsme@krishibank.org.bd |
| ০২ | মুহম্মদ মোশাররফ হোসেন<br>সহকারী মহাব্যবস্থাপক | সদস্য | ০১৯১৬২০১০৯৮ | mosharraf698@gmail.com |
| ০৩ | মোঃ সাইফুল ইসলাম<br>মুখ্য কর্মকর্তা | সদস্য | ০১৮১২২৪০৪৪৪ | saiful.cu.bd |
| ০৪ | কান্তা দাস<br>উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য সচিব | ০১৭২৩৩৩৭০৬৪ | kanta.eng14@gmail.com |

০৩। প্রধান কার্যালয়ের আলোচ্য ইউনিটের ন্যায় নিম্নেবর্ণিত পদমর্যাদার কর্মকর্তাদের সমন্বয়ে স্থানীয় মুখ্য কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনপূর্বক অত্র বিভাগকে অবহিত করতে হবে ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম ও পদবী | পদ মর্যাদা | ফোন | ই-মেইল |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | প্রধান | | |
| ০২ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ মুখ্য কর্মকর্তা | সদস্য | | |
| ০৩ | মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য | | |

উল্লেখ্য, উক্ত ইউনিটে নারী কর্মকর্তাকে নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। তদনুযায়ী মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়ে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনপূর্বক তথ্যাদি বিভাগীয় কার্যালয়ে সংরক্ষণ এবং শাখা পর্যায়ের তথ্যাদি মুখ্য আঞ্চলিক কার্যালয় / আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণের পরামর্শ দেয়া হলো।

চলমান পাতা-০২

বিষয় ঃ এসএমই'র আওতায় ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনপূর্বক হালনাগাদ তথ্য প্রদান প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায় বিভাগীয় পর্যায়ে এসএমই হেল্প ডেস্ক/ নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট পুনর্গঠনপূর্বক তথ্যাদি অনুচ্ছেদ নং-০৩ এ প্রদত্ত ছক মোতাবেক আগামী ২৫/০১/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগে ই-মেইল (dgmsme@krishibank.org.bd) মারফত প্রেরণের অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৭/০১/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
০২২২৩৩৮৮৯৪৯
তারিখঃ ঐ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃশাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ ১৬৪৮(১২৫০)

*সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ*

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা।

০৩. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৫. সকল শাখা ব্যবস্থাপক ,বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।

০৬. নথি/ মহানথি।

২৭.০১.২০২২

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক